

## রণপা

আমি দেখি চারদিকে অনেক রণপা হাঁটাহাঁটি করেন  
মাটির ছোঁয়া বাঁচিয়ে কাঁহা কাঁহা সব চলে যান ওরা  
হাঁটা দেখলেই বোঝা যায় সত্যবাদীর রথের চাকার মতো  
কখনো ধুলোমাটিতে মাখামাখির ব্যাপার নেই।  
মুখ দেখতে হলে ওপরের দিকে তাকাতে হয়  
যদি প্রণম্য রণপাগণ একটু স্থির হয়ে দাঁড়ান

সারি সারি রণপা দাপিয়ে বেড়াচ্ছেন জনপদ তৃণভূমি  
কেঁচো কেল্লোরা মুখ তুলতেই পায় না

একটাই শুধু মুষ্কিল এদের নিয়ে  
কখনো কখনো রণপাও হড়কে যায়  
তখন এতিমখানার ক্ষুদ্রে শয়দানগুলো হাততালি দিয়ে ওঠে  
কেঁচোগুলোও তখন মাটির ভিতর থেকে  
ওপরে উঠে আসার সুযোগ খোঁজে  
হাড় - চমকানো রণপাগণের জন্য তখন  
বিজ্ঞাপনের বিরতি

কৃষ্ণ ও ধর

